[illegible] ([illegible]), [illegible]

[illegible] ([illegible])

**Job Category:** NGO/Development

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 11 Nov 2024

**Application Deadline:**23 Nov 2024

GBK গ্রাম বিকাশ কেন্দ্র GRAM BIKASH KENDRA

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)'র সনদপ্রাপ্ত (যার সনদ নং-০১২৭১-০১০১৬-০০১৮৩) বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) দেশের রংপুর ও রাজশাহী বিভাগের ০৮টি জেলায় অতি দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহায়তায় জিবিকে পরিচালিত মাইক্রোফাইন্যান্স কর্মসূচীর জন্য নিম্নোক্ত পদ সমূহে শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও দক্ষতা, বয়স এবং বেতনভাতা ও সুযোগ সুবিধা |
|---|---|
| সিনিয়র ম্যানেজার-এমআইএস এন্ড আইটি | **শিক্ষাগত যোগ্যতা :** কম্পিউটার বিজ্ঞান, তথ্য প্রযুক্তি বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী। **অভিজ্ঞতা ও দক্ষতা :** মাইক্রোফাইন্যান্স, ব্যাংকিং বা আর্থিক খাতে MIS এবং IT ব্যবস্থাপনা পর্যায়ে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা। তথ্য বিশ্লেষণ, ডাটাবেজ ম্যানেজমেন্ট (MySQL, SQL Server), Microfin-৩৬০, ক্লাউড সলিউশন এবং IT অবকাঠামো ব্যবস্থাপনায় অভিজ্ঞতা। নেতৃত্ব প্রদানের সক্ষমতা, দল পরিচালনায় পারদর্শিতা এবং সমস্যা সমাধানে দক্ষতা। আইটি নীতি এবং তথ্য নিরাপত্তা বিষয়ে জ্ঞান থাকা আবশ্যক। **বয়স :** সর্বোচ্চ ৪৫ বছর। **বেতন কাঠামো :** গ্রেড-৭ অনুযায়ী ৬৯,৬০০/- টাকা। অধিক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের বেতনভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা আলোচনা সাপেক্ষে। **দায়িত্ব :** মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানের MIS এবং IT তে বিভাগের নেতৃত্ব প্রদান, MIS কার্যকরভাবে পরিচালনা ও উন্নয়ন নিশ্চিত করা, IT অবকাঠামো উন্নয়নের জন্য কৌশলগত পরিকল্পনা তৈরি এবং বাস্তবায়ন করা, MIS এর সঠিক এবং সময়মত ডেটা সংগ্রহ, বিশ্লেষণ ও রিপোর্টিং এর সিস্টেম তৈরি করা। |
| ম্যানেজার-ফাইন্যান্স এন্ড এ্যাকাউন্টস | **শিক্ষাগত যোগ্যতা :** হিসাব বিজ্ঞান/ফিন্যান্স স্নাতকোত্তর। **অভিজ্ঞতা ও দক্ষতা :** প্রতিষ্ঠিত কোন এনজিও-তে প্রধান কার্যালয়ে ক্ষুদ্রঋণ কর্মসূচিতে "ম্যানেজার-ফাইন্যান্স এন্ড এ্যাকাউন্টস" পদে ৩ বছর এবং অর্থ ও হিসাব রক্ষণ সম্পর্কিত কাজে কমপক্ষে ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এনজিও-তে ক্ষুদ্রঋণ কর্মসূচির দৈনন্দিন হিসাব পরিচালনা, আন্তর্জাতিক হিসাব রক্ষণ বিধি বিধান সম্পর্কে ধারণা, বিভিন্ন এ্যাকাউন্টিং সফটওয়্যার পরিচালনা (মাইক্রোফিন ৩৬০ অগ্রাধিকার), বুক কিপিং ও চেকিং, বাজেটরী কন্ট্রোল, রিপোর্টিং ও পুনঃভরণ প্রস্তুতকরণ, অভ্যন্তরীণ ও বহিরাগত অডিট সহায়তা, দাতা সংস্থাসহ জাতীয়/আন্তর্জাতিক নিরীক্ষা/ভিজিট মোকাবেলা ও সরকারি সংশ্লিষ্ট আইন/বিধিমালা সম্পর্কে ধারণা, ভ্যাট, আয়কর এর বিষয়ে সামগ্রিক ধারণা থাকতে হবে। এমআরএ এবং পিকেএসএফ-এ রিপোর্ট প্রদানে পারদর্শী হতে হবে। **বয়স :** সর্বোচ্চ ৪০ বছর। **বেতন কাঠামো :** গ্রেড-৮ অনুযায়ী ৬৪,৯৭৫/- টাকা। |
| এ্যাসিসটেন্ট ম্যানেজার-ট্রেনিং | **শিক্ষাগত যোগ্যতা :** ন্যূনতম স্নাতক পাশ। **অভিজ্ঞতা ও দক্ষতা :** বেসরকারী জাতীয় ও বৈদেশিক সংস্থায় ট্রেনিং কার্যে ও পরিচালনায় কমপক্ষে ০৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে এবং জেন্ডার সংক্রান্ত ও ব্যবস্থাপনা পর্যায়ে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। MFI (Micro Finance Institute) সংস্থায় ক্ষুদ্র ঋণ কার্যক্রমের ট্রেনিং কার্যে প্রশিক্ষণ এর মডিউল তৈরি, সেশন প্লান তৈরি, রিপোর্টিং, প্রশিক্ষণ এর বিভিন্ন এপ্রোচ সম্পর্কিত বাস্তব জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। কম্পিউটার দক্ষতা থাকতে হবে। **বয়স :** সর্বোচ্চ ৩৫ বছর। **বেতন কাঠামো :** গ্রেড-৯ অনুযায়ী ৪৬,৪৭৫/- টাকা। **শুধুমাত্র নারী প্রার্থী আবেদন করতে পারবেন।** |
| শাখা ব্যবস্থাপক | **শিক্ষাগত যোগ্যতা :** ন্যূনতম স্নাতক পাশ। **অভিজ্ঞতা ও দক্ষতা :** আঞ্চলিক/জাতীয় পর্যায়ে এনজিওতে ক্ষুদ্রঋণ কর্মসূচীতে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা ও কম্পিউটার এর দক্ষতা এবং ক্ষুদ্রঋণ এর সফটওয়্যার পরিচালনায় (মাইক্রোফিন ৩৬০ অগ্রাধিকার) পারদর্শী এবং নিজস্ব মোটর সাইকেল, ল্যাপটপ কম্পিউটার থাকতে হবে। (অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার)। **বয়স :** সর্বোচ্চ ৪০ বছর। **বেতন কাঠামো :** গ্রেড-১১ অনুযায়ী ৪০,০০০/- টাকা। |
| এ্যাকাউন্টস অফিসার | **শিক্ষাগত যোগ্যতা :** হিসাব বিজ্ঞান/ফিন্যান্স স্নাতকোত্তর। **অভিজ্ঞতা ও দক্ষতা :** আঞ্চলিক/জাতীয় পর্যায়ে এনজিও-তে প্রধান কার্যালয়ে ক্ষুদ্রঋণ কর্মসূচিতে হিসাব বিভাগে কমপক্ষে ৫ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। এনজিও-তে মাইক্রোফাইন্যান্স কর্মসসূচির দৈনন্দিন হিসাব পরিচালনা, আন্তর্জাতিক হিসাবরক্ষণ বিধি বিধান সম্পর্কে ধারণা, রিপোর্টিং, বুককিপিং ও চেকিং বাজেটারী কন্ট্রোল, ফিন্যান্সিয়াল বিভিন্ন রিপোর্টিং, কম্পিউটার দক্ষতা (এমএস ওয়ার্ড, এমএস এক্সেল অবশ্যই), ইন্টারনেট, অফিসিয়াল বিভিন্ন চিঠিপত্র তৈরি, এ্যাসেট/ইকুইপমেন্ট ম্যানেজমেন্ট এবং ক্ষুদ্রঋণ এর সফটওয়্যার পরিচালনায় পারদর্শী হতে হবে। সেই সাথে নিজস্ব মটর সাইকেল ও ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স :** সর্বোচ্চ ৩৫ বছর। **বেতন কাঠামো :** গ্রেড-১১ অনুযায়ী ৩৭,২২৫/- টাকা। |
| **সকল পদের শিক্ষানবীশকাল ৩-৬ মাস এবং শিক্ষানবীশকাল উত্তীর্ণ হবার পর সংস্থার নিয়ম অনুযায়ী পিএফ, গ্রাচুইটি, ২টি উৎসব ভাতা, মটর সাইকেল জ্বালানী, মোবাইল ও ইন্টারনেট ভাতা প্রদান করা হবে।** | |

**নিয়ম ও শর্তাবলী :** পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সকল সনদপত্র, জন্ম নিবন্ধন ও NID ফটোকপি (সত্যায়িত), সদ্যতোলা ৩ কপি পিপি সাইজের ছবি, মোবাইল ফোন নম্বরসহ আবেদনপত্র **ডেপুটি ডিরেক্টর-এইচআর এন্ড এ্যাডমিন, গ্রাম বিকাশ কেন্দ্র, হলদীবাড়ী, পার্বতীপুর-৫২৫০, দিনাজপুর, বাংলাদেশ**, বরাবরে সরাসরি অথবা ডাক/কুরিয়ার যোগে **আগামী ২৩/১১/২০২৪ইং** তারিখের মধ্যে পৌঁছাতে হবে। ই-মেইল-এ আবেদনপত্র গ্রহনযোগ্য নহে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে। খামে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে। প্রতিষ্ঠানের সাথে দীর্ঘ মেয়াদী কাজ করার মানসিকতা সম্পন্ন প্রার্থীদের আবেদন করার জন্য উৎসাহিত করা যাচ্ছে। এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলসহ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা গ্রাম বিকাশ কেন্দ্র এর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।